# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা
মানিলন্ডারিং প্রতিরোধ সেল

dcamlco@krishibank.org.bd
Phone: 02-47120513


**বিষয়ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২১-২০২২ অর্থ বছরের বিশেষ সভার কার্যবিবরণী।**

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, গাইড লাইনস, বাংলাদেশ ব্যাংক ও বিকেবি'র কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা পরিপালন/ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট,বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনানুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে গ্রাহকের মৌলিক তথ্যাদি (গ্রাহকের নাম,পিতার নাম,মাতার নাম,ঠিকানা,জন্ম তারিখ,জাতীয় পরিচয়পত্র নং,নমিনীর নাম) কেন্দ্রীয়ভাবে সংরক্ষনের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকে মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) ২০২১-২০২২ অর্থ বছরের বিশেষ সভা গত ১৫-১১-২০২১ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) ও মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) জনাব মোঃ দিদারুল ইসলাম মজুমদার মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সদস্য/ নির্বাহীগণ উপস্থিত ছিলেন ।

| ক্রঃ নং | নির্বাহী/ কর্মকর্তাগনের নাম | পদবী ও কর্মস্থল | সিসিসি তে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ দিদারুল ইসলাম মজুমদার | মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)। | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আকতার হোসেন | উপমহাব্যবস্থাপক , ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ ও উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ মামুনুর রশীদ | উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৪ | জনাব গোলাম মোঃ আরিফ | উপমহাব্যবস্থাপক, ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৫ | জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম | উপমহাব্যবস্থাপক , ক্রেডিট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা | সদস্য |
| ০৬ | জনাব খান তামজিদ আহমেদ | উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৭ | জনাব জামিল হোসেন | সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৮ | জনাব মোঃ ফরিদ হাসান | সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে),আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৯ | জনাব মোঃ আবদুছ ছালাম | সহকারী মহাব্যবস্থাপক ,আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | -- |
| ১০ | জনাব মোঃ তানভীর আহমেদ | সহকারী মহাব্যবস্থাপক, ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | -- |
| ১১ | নূর মোহাম্মদ মোল্লা | সহকারী মহাব্যবস্থাপক,গবেষনা ও পরিসংখ্যান বিভাগ,বিকেবি,প্রকা,ঢাকা | বিশেষভাবে আমন্ত্রিত |
| ১২ | জনাব মাহফুজা শামীম | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | -- |
| ১৩ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | মুখ্য কর্মকর্তা, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি,প্রকা, ঢাকা। | সদস্য |
| ১৪ | জনাব জান্নাতআরা ফেরদৌস | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য- সচিব |

সভার শুরুতে গত ২৪/১০/২০২১ তারিখে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক আয়োজিত বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত রাষ্ট্রীয় মালিকানাধীন ০৬টি ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে গ্রাহকের মৌলিক তথ্যাদি কেন্দ্রীয়ভাবে সংরক্ষন বিষয়ক অনুষ্ঠিত সভায় সকল ব্যাংককে তাদের গ্রাহকদের মৌলিক তথ্যাদি (গ্রাহকের নাম,পিতার নাম,মাতার নাম,ঠিকানা,জন্ম তারিখ,জাতীয় পরিচয়পত্র নং,নমিনীর নাম) আবশ্যিকভাবে সংরক্ষনের কঠোর নির্দেশনার ব্যাপারে সকলকে অবহিত করা হয়।

পরবর্তীতে অনুষ্ঠিত সভার রেকর্ড নোটস এর কপি উপস্থিত সকলকে সরবরাহ করা হয় এবং উক্ত সভার রেকর্ড নোটস এ প্রদত্ত নির্দেশনার বিপরীতে বাংলাদেশ কৃষি ব্যাংক কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) কর্তৃক নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

০২। **সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহন সংক্রান্ত ঃ**

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট,বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনানুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে গ্রাহকের মৌলিক তথ্যাদি (গ্রাহকের নাম,পিতার নাম,মাতার নাম,ঠিকানা,জন্ম তারিখ,জাতীয় পরিচয়পত্র নং,নমিনীর নাম) কেন্দ্রীয়ভাবে সংরক্ষনের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থাপনার অনুমোদনক্রমে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত হয়।

**(কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ বিকেবি, প্রকা ঢাকা ।)**

০৩। **মাঠপর্যায়ে প্রাথমিক নির্দেশনা প্রেরন সংক্রান্ত ঃ**

শাখা পর্যায়ে " গ্রাহকের মৌলিক তথ্যাদি সংরক্ষন/সংশোধন বিষয়ক প্রোগাম " করার মাধ্যমে ডিসেম্বর /২১ এর মধ্যে অন্ততপক্ষে ৫০% এবং মার্চ/২২ এর মধ্যে ১০০% গ্রাহকের মৌলিক তথ্যাদি (গ্রাহকের নাম,পিতার নাম,মাতার নাম,ঠিকানা,জন্ম তারিখ,জাতীয় পরিচয়পত্র নং,নমিনীর নাম, মোবাইল নং) ব্যাংকের সিবিএস(CBS) সংরক্ষন করার কাজটি নিশ্চিত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে প্রাথমিক নির্দেশনা সম্বলিত পত্র প্রেরনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**(কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ বিকেবি, প্রকা ঢাকা ।)**

০৪। **ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায় উপস্থাপন সংক্রান্ত ঃ**

গ্রাহকের মৌলিক তথ্যাদি (গ্রাহকের নাম,পিতার নাম,মাতার নাম,ঠিকানা,জন্ম তারিখ,জাতীয় পরিচয়পত্র নং,নমিনীর নাম) কেন্দ্রীয়ভাবে সংরক্ষনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় এ রাষ্ট্রীয় মালিকানাধীন ০৬ টি ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তদের সাথে অনুষ্ঠিত সভার রেকর্ড নোটস অবহিতকরন,এতদ্‌বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং নিম্নেবর্ণিত বিষয়সমূহের ক্ষেত্রে সুনির্দিষ্ট সিদ্ধান্ত প্রদান এর জন্য বিষয়টি ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়-

- ব্যাংক বিধি অনুযায়ী হিসাবসমূহ Dormant খাতে স্থানান্তর করা ।
- গ্রাহকের মৌলিক তথ্যাদির ঘাটতি জনিত কারনে সাময়িকভাবে লেনদেন বন্ধ রাখার বিষয়ে পরিকল্পনা প্রণয়ন করা ।
- ক্রাশ প্রোগ্রামের আওতায় নির্দিষ্ট সময়সীমার মধ্যে গ্রাহকের মৌলিক তথ্যাদি কেন্দ্রীয়ভাবে সংরক্ষন/সংশোধন কার্যক্রম সম্পাদন করা।

**(কার্যকরণঃ সকল শাখা ,বিকেবি/ আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা)**

০৫। **মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকদের সমন্বয়ে Webinar আয়োজন সংক্রান্ত ঃ**

মাঠ পর্যায়ে শাখা পর্যায়ে সংরক্ষিত গ্রাহকদের মৌলিক তথ্যাদি (গ্রাহকের নাম,পিতার নাম,মাতার নাম,ঠিকানা,জন্ম তারিখ,জাতীয় পরিচয়পত্র নং,নমিনীর নাম) ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষন এবং প্রয়োজনানুযায়ী সংশোধনপূর্বক হালনাগাদকরনের গুরুত্ব এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদানের জন্য ব্যাংক ব্যবস্থাপনার উপস্থিতিতে মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকদের সমন্বয়ে Webinar আয়োজন এর বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে প্রয়োজনে বিভাগভিত্তিক সকল শাখা ব্যবস্থাপকসহ গ্রাহকদের মৌলিক তথ্যাদি সংরক্ষন বিষয়ক প্রশিক্ষন কর্মসূচীর আয়োজন করা যেতে পারে।

**(কার্যকরণ ঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ / আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।)**

০৬। **বিকেবি মানিলন্ডারিং প্রতিরোধ সেল এ প্রয়োজনীয় সংখ্যক লোকবল পদায়ন সংক্রান্তঃ**

গ্রাহকের মৌলিক তথ্যাদি (গ্রাহকের নাম,পিতার নাম,মাতার নাম,ঠিকানা,জন্ম তারিখ,জাতীয় পরিচয়পত্র নং,নমিনীর নাম) কেন্দ্রীয়ভাবে সংরক্ষন সংক্রান্ত বিভিন্ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর বিষয়টি অত্যন্ত ব্যাপক ও বিস্তৃত বিধায় নির্দিষ্ট সময়সীমার মধ্যে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট,বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে অত্র ব্যাংকের মানিলন্ডারিং প্রতিরোধ সেল এ প্রয়োজনীয় সংখ্যক (অন্ততপক্ষে ৩জন) লোকবল পদায়ন করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয়। উল্লেখ্য পদোন্নতিজনিত বদলি এবং অবসরজনিত কারনে মানিলন্ডারিং প্রতিরোধ সেল এ বর্তমান লোকবল সংখ্যা মাত্র ৪ জন যা পূর্বের তুলনায় ১০ গুন বৃদ্ধি পাওয়া মাসিক CTR যথাসময়ে বাংলাদেশ ব্যাংকে প্রেরন এবং বিএফআইইউ সহ বিভিন্ন সংস্থার চাহিত ব্যাংক হিসাব এর তথ্যাদি সরবরাহ এর জন্য অত্যন্ত অপ্রতুল।

**(কার্যকরণ ঃ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রকা, ঢাকা।)**

CCC কমিটির সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশ গ্রহণে সভাটি অত্যন্ত প্রাণবন্ত ও ফলপ্রসূ হয়েছে উল্লেখ করে CCC এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং আর কোনো আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১১/২১
(মোঃ দিদারুল ইসলাম মজুমদার)
মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

প্রকা/আরএমডি-৩০/সিসিসি/২০২১-২০২২/ ১৬৫৬

তারিখ ঃ ২৭-১১-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

(মোঃ আকতার হোসেন) ২৮/১১/২০২১
উপ-মহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)